

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ১। মতুয়ার বুলি ধরতে গেলে জাত-কুলে দে জলাঞ্জলি।
হয়ে পাগল পারা মাতোয়ারা, হরিবলে কাঁদবি শেষে গলিগলি ॥
- ২। মতুয়া যারা প্রেমিক তাঁরা, প্রেমানন্দে করছে কেলি।
নিলে মতুয়ার স্বভাবের ঘুচবে অভাব,
হারে তোর ফুটবে প্রেম কুসুম কলি ॥
- ৩। মতুয়া পাগল, হয়ে বিভোল, প্রেমপানে হও মত্ত অলি;
ধরলে মতুয়ার করণ, সাধন ভজন,
হারে তুই সন্ধ্যা আফ্রিক ফেলবি ঠেলি ॥
- ৪। মতুয়া নামে, ধরাধামে বহিরঙ্গে দিত গালি।
এবার মতুয়া হয় জগৎ পূজ্য, মাধুর্য্য প্রেমের পাত্র প্রাণ পুতলি ॥
- ৫। ডেকে কয় তারক রসনা, অশ্বিনী আজ তোরে বলি।
যদি মতুয়া হবি প্রাণ জুড়াবি,
সব অঙ্গে মাখবি মতুয়ার চরণ ধূলি ॥

৩৯ নং তাল-ঠুংরী

নিদাগেতে দাগ লাগালি রে, হরি দয়াময়।

হারে তোর লাগি, প্রাণ যায় ॥

- ১। দুঃখ পাশরা নয়ন তারা, পাশরা না যায় তোমায়,
আমার মন প্রাণ করে চুরি, পাগল করিলি আমায় ॥
- ২। তোর বিচ্ছেদ বিরহ দাহ, দহিছে আমার হৃদয়,
আমার মনের আশুন জ্বলে দিগুন, কি আশুন লাগাবি
গায় ॥
- ৩। চিত্তনল হইলে প্রবল, দাবানল লাগে কোথায়,
ও তোর বিরহ বাড়বানলে, এ জীবন মোর জ্বলে যায় ॥
- ৪। সরল প্রাণে দাগা দিয়ে, গরল ঢালি দিলি গায়,
ও তোর বিচ্ছেদ ভূজঙ্গ হ'য়ে দংশেছে আমার হৃদয় ॥

* প্রত্যহ শ্রীশ্রীহরিলীলামৃত গ্রন্থ পাঠ করুন।